**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**
**Noakhali Science and Technology University (NSTU)**
নোয়াখালী-৩৮১৪

Phone : 02334496528
Mobile : 01767040115
E-mail : acce@office.nstu.edu.bd
Website : www.nstu.edu.bd

**এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ**
**Dept. of Applied Chemistry & Chemical Engineering (ACCE)**




স্মারক নং: নোবিপ্রবি/এসিসিই/২০২৬/২০৫৭ তারিখ: ২৭ আগস্ট ২০২৬

## এমএসসি (ইঞ্জিনিয়ারিং) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৩-২৪ শিক্ষাবর্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (এসিসিই) বিভাগের এমএসসি (ইঞ্জিনিয়ারিং) কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**১. ভর্তি যোগ্যতা:**

ক. আবেদনকারীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ম্যাটেরিয়াল সায়েন্স, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি (ইঞ্জিনিয়ারিং)/ বিএসসি (সম্মান)/সমমানের ডিগ্রিধারী হতে হবে।

খ. প্রার্থীদের স্নাতক পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে, তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে সিজিপিএ শিথিলযোগ্য।

গ. বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের পূর্বে কোন সেমিস্টার/প্রতিষ্ঠানে ভর্তিকৃত কিনা, চাকরিরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের ভর্তি করা হবে।

ঘ. শিক্ষাদান ও গবেষণার সুযোগ সুবিধাদির নিমিত্তে বিভাগীয় ভর্তি কমিটি সংশ্লিষ্ট বিভাগে ছাত্র-ছাত্রীদের ভর্তির বিষয়টি নির্ধারণ করবেন এবং এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে অগ্রাধিকার প্রদান পূর্বক ভর্তি করা হবে।

ঙ. ভর্তি প্রক্রিয়ায় প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।

চ. অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ছ. পরিমার্জন ও পরিবর্ধনে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বনে গণ্য হবে।

**২. আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

ক. শিক্ষার্থীদেরকে বিভাগীয় অফিস থেকে ০১ সেপ্টেম্বর ২০২৬ ইং হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬ ইং-এর মধ্যে অফিস চলাকালীন সময়ে ফরম সংগ্রহ ও জমা দিতে হবে।

খ. আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সমথর্নে সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং সার্টিফিকেটের সত্যায়িত কপি, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র, এবং ০২ কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে।

গ. অভ্যন্তরীণ প্রার্থীদের জন্য আবেদন ফরমের মূল্য ১০০০.০০ টাকা ও বহি:স্থ প্রার্থীদের জন্য ১৫০০.০০ টাকা। উক্ত টাকা এসিসিই বিভাগের হিসাব নং ০২০০০১২৯২৯৩২১-অগ্রণী ব্যাংক, নোবিপ্রবি শাখা বরাবর জমাদান পূর্বক উক্ত রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ঘ. চাকুরিরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য তিন সেমিস্টার ব্যাপী সময় অর্থ্যাৎ ১৮(আঠার) মাসের ছুটি প্রদান করা হবে মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।

ঙ. থিসিস ও নন থিসিস(প্রজেক্টের) সম্ভাব্য সুপারভাইজারের সম্মতিপত্র (অভ্যন্তরীণ প্রার্থীদের জন্য) এবং বহি:স্থ প্রার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্নের পূর্বে থিসিস/নন-থিসিস সুপারভাইজার নির্ধারণ করতে হবে।

চ. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি জমা দিতে হবে।

**৩. ভর্তি পরীক্ষার পদ্ধতি:**

ক. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর এসিসিই বিভাগের শিক্ষার্থীদের ক্ষেত্রে শুধুমাত্র মৌখিক পরীক্ষা এবং বহি:স্থ শিক্ষার্থীদের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষা ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হবে।

খ. বহি:স্থ শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি পরীক্ষার পূর্ণমান ৫০ (এমসিকিউ-৩০, বর্ণনামূলক-১০; সময়: ৪০ মিনিট; এবং মৌখিক পরীক্ষা: ১০)।

গ. লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। লিখিত ও মৌখিক পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে।

ঘ. লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর মিলিয়ে চূড়ান্তভাবে ভর্তিযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

ঙ. চূড়ান্ত ভর্তি ও ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে।

ধন্যবাদান্তে

অধ্যাপক ড. ফতেহ নূর রোবেল
চেয়ারম্যান
এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-**৩৮১৪**।